

পেশাপ্রবেশ সেপ্টেম্বর ২০০৩

'পেশাপ্রবেশ' কী ও কেন

আজ থেকে ১৫ বছর আগে স্টাফ সিলেকশন কমিশন আর 'কর্মক্ষেত্র'র যৌথ উদ্যোগে সে বছরের 'ক্লার্কস' গ্রেড পরীক্ষার পূর্ণায়তন মহড়ার ব্যবস্থা করা হয়েছিল 'কর্মক্ষেত্র' পত্রিকায়। কেন্দ্রীয় সরকারের ক্লার্ক টাইপিস্ট স্টেনোর হাজার হাজার শূন্যপদে প্রার্থীবাছাইয়ের জন্য স্টাফ সিলেকশন কমিশন 'ক্লার্কস' গ্রেড পরীক্ষা ঠিক যেমনটি হয়ে, হ্রবহ সেভাবেই সাজানো হয়েছিল 'কর্মক্ষেত্র'র প্রায় পাঁচ পাতা জোড়া ওই পরীক্ষার নমুনা প্রশ্নপত্র। সব প্রশ্নই স্টাফ সিলেকশন কমিশনের কোয়েশেন ব্যাক্স থেকে 'কর্মক্ষেত্র'য় প্রকাশের জন্য দেওয়া হয়েছিল। প্রশ্নের সঙ্গে পরীক্ষার্থীদের জন্য কমিশনের পূর্বাঞ্চলীয় ডিরেক্টরের মূল্যবান উপদেশ ও বিশদ পরামর্শও প্রকাশিত হয়েছিল। স্টাফ সিলেকশন কমিশন ও 'কর্মক্ষেত্র'র সেই যৌথ উদ্যোগের ফলে পরীক্ষার্থীদের প্রস্তুতি ও অনুশীলন কর্তৃপক্ষের যথার্থ ও ফলপ্রস্তু হয়েছিল সে বছরের কৃতি পরীক্ষার্থীদের অনেকেরই হয়তো এখনও সেকথা মনে আছে।


এই ধরনের বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার অনুশীলনের সুযোগ 'কর্মক্ষেত্র'য় নিয়মিতই থাকে। কিন্তু তা এতই আংশিক ও স্বল্পায়তন যে পরীক্ষার পুরো প্রস্তুতি ও সম্পূর্ণ অনুশীলন প্রায় সম্ভব হয় না বললেই চলে। 'কর্মক্ষেত্র'র সব শ্রেণীর পাঠকের কথা ভেবে অতীতের সেই যৌথ উদ্যোগের মতো শুধুমাত্র পরীক্ষার্থীদের জন্য নিয়মিত অতগুলো পাতা বরাদ্দ করাও অসম্ভব।

সেইজন্যই এই 'পেশাপ্রবেশ'। 'কর্মক্ষেত্র'র পরিপূরক, সম্পূর্ণ আলাদা একটি পত্রিকা। যাঁরা প্রতিযোগিতামূলক পরীক্ষা দেবেন তাঁদের জন্য আমাদের নতুন উদ্যোগ। কিংবদন্তীপ্রতিম 'কর্মক্ষেত্র'র অভিজ্ঞতার ওপর দাঁড়িয়ে। প্রায় সিকি শতাব্দীর অভিজ্ঞতা।

শুধু সামনে এসে পড়া প্রতিযোগিতামূলক পরীক্ষার চটকালদি প্রস্তুতিই নয়, শুধু প্রশান্তিমুক্ত নয়, শিক্ষা ও ম্যানেজমেন্ট-দুনিয়ার বিভিন্ন বিশেষজ্ঞের উপদেশ ও সহযোগিতায় 'পেশাপ্রবেশ' প্রবর্তন করতে চলেছে নবীনদের জন্য এক নতুন পরিষেবা।

'পেশাপ্রবেশ'প্রকাশের আরেকটি প্রেরণার কথাও উল্লেখ করতে চাই। 'কর্মক্ষেত্র'র প্রতি সপ্তাহের দু-তিন পাতার আংশিক প্রস্তুতি-পরামর্শ থেকেও বেশ কিছু সাহায্য পাওয়ার সংবাদ জানিয়ে বিভিন্ন চাকরির পরীক্ষায় কৃতীরা আমাদের যেসব চিঠি লেখেন, সেইসব কৃতজ্ঞতা পত্রই এই বড় মাপের পুর্ণাঙ্গ মাসিক পত্রিকা প্রকাশে আমাদের উৎসাহ ও প্রেরণা জুগিয়েছে।

যাঁদের জন্য এই পত্রিকা তাঁদের কর্তৃতা কাজে লাগছে সেটাই আসল বিচার্য। যাঁদিও একটি মাত্র সংখ্যা দেখেই কোনও পত্রিকার মূল্যায়ন করা যায় না, তবু পাঠকের প্রতি আমাদের অনুরোধ, এই সংখ্যা আপনার কেমন লাগল অনুগ্রহ করে লিখে জানান। সঠিক 'পেশাপ্রবেশ'-এর ভবিষ্যতের পরিকল্পনার জন্যই তা জরুরি।



সম্পাদক